

কারেস্পী বা ব্যাংক নোট জালকরণঃ

ধারা-৪৮৯(ক)।

যদি কোন ব্যক্তি কোন কারেস্পী নোট বা ব্যাংক নোট জাল করে বা জ্ঞাতসারে উহা জালকরণ প্রক্রিয়ার যে কোন অংশ সম্পন্ন করে, সেই ব্যক্তি যাবজ্জীবন কারাদন্ডে বা যে কোন মেয়াদের কারাদন্ডে দন্ডিত হইবে যাহার মেয়াদ দশ বৎসর পর্যন্ত হইতে পারে এবং তদুপরি অর্ধদন্ডেও দন্ডিত করা যাইবে।

ব্যাখ্যাঃ অত্র ধারা এবং ৪৮৯(খ), ৪৮৯(গ) ও ৪৮৯(ঘ) ধারাসমূহের উদ্দেশ্য সাধনকল্পে 'ব্যাংক নোট' বলিতে চাহিবামাত্র বাহককে অর্থ প্রদানের জন্য পৃথিবীর যে কোন অংশে ব্যাংক ব্যবসা পরিচালনাকারী কোন ব্যক্তি কর্তৃক ইচ্ছাকৃত কিংবা যে কোন রাষ্ট্র বা সার্বভৌম কর্তৃপক্ষ কর্তৃক বা তাহার কর্তৃত্বাধীনে ইস্যুকৃত এবং অর্থের সমতুল্য বা বিকল্পরূপে ব্যবহারের জন্য অভিপ্রেত কোন প্রমিসরি নোট বা অঙ্গীকারপত্র বুঝাইবে।

ধারা-৪৮৯(খ)। জাল বা মেকী কারেস্পী নোট বা ব্যাংক নোটকে খাঁটি হিসেবে ব্যবহারকরণঃ

যদি কোন ব্যক্তি কোন জাল কারেস্পী নোট বা ব্যাংক নোট জাল বা মেকী বলিয়া জানা সত্ত্বেও কোন জাল বা মেকী কারেস্পী নোট বা ব্যাংক নোট অন্য কোন ব্যক্তির নিকট বিক্রয় করে বা অন্য কোন ব্যক্তির নিকট হইতে ক্রয় বা গ্রহণ করে অথবা অন্য কোনভাবে উহাকে খাঁটি বলিয়া ব্যবহার করে বা লেনদেন করে, তাহা হইলে সেই ব্যক্তি যাবজ্জীবন কারাদন্ড কিংবা দশ বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের সশ্রম বা বিনাশ্রম কারাদন্ডে দন্ডিত হইবে এবং তাহাকে জরিমানাদন্ডেও দন্ডিত করা যাইবে।

ধারা-৪৮৯(গ)। জাল বা মেকী কারেস্পী নোট বা ব্যাংক নোট দখলে রাখাঃ

যদি কোন ব্যক্তি কারেস্পী নোট বা ব্যাংক নোট জাল বা মেকী বলিয়া জানা সত্ত্বেও বা উহা তদ্রূপ বলিয়া তাহার বিশ্বাস করার কারণ থাকা সত্ত্বেও এবং উহা খাঁটি বলিয়া চালাইবার উদ্দেশ্যে বা উহা যাহাতে খাঁটি বলিয়া চালানো যায় সেই উদ্দেশ্যে তাহার দখলে অনুরূপ কোন জাল বা মেকী কারেস্পী নোট বা ব্যাংক নোট রাখে, তাহা হইলে সেই ব্যক্তি সাত বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের সশ্রম বা বিনাশ্রম কারাদন্ডে এবং জরিমানাদন্ডে কিংবা উভয় দন্ডেই দন্ডিত হইবে।

ধারা-৪৮৯(ঘ)। কারেস্পী নোট বা ব্যাংক নোট জাল করিবার যন্ত্রপাতি বা উপাদানসমূহ প্রস্তুত বা দখলে রাখাঃ

যদি কোন ব্যক্তি কোন কলকজা, যন্ত্রপাতি বা উপাদান কোন কারেস্পী নোট বা ব্যাংক নোট জাল করার অভিপ্রায়ে বা উহার অনুরূপ কার্যের জন্য অভিপ্রেত জানিয়া বা তাহার অনুরূপ বিশ্বাস করিবার কারণ থাকা সত্ত্বেও প্রস্তুত করে, প্রস্তুত প্রক্রিয়ার যে কোন অংশ সম্পাদন করে বা বিক্রয় করে বা হস্তান্তর করে বা তাহার দখলে রাখে, সেই ব্যক্তি